

## যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৬৬৮

১/ বিবিধ

আরবী

غبن المسترسل ربا

باطل

رواه البيهقي (5 / 349) عن يعيش بن هشام عن مالك عن جعفر بن محمد عن أبيه عن جابر مرفوعا. وعنه عن مالك عن الزهري عن أنس مرفوعا. وعنه عن جعفر بن محمد عن أبيه عن علي مرفوعا. وضعفه البيهقي جدا كما سبق في الذي قبله. وعلته يعيش هذا، ضعفه ابن عساكر كما في "الميزان" وكذا الدارقطني فإنه قال - بعد أن أورد له في "غرائب مالك" هذا الحديث - : "هذا باطل بهذا الإسناد، ومن دون مالك ضعفاء". وقال في موضع آخر: "مجهولون" كما في "اللسان" ومنه تعلم أن قول الحافظ العراقي في "تخريج الإحياء" (2 / 72 - 73) "رواه الطبراني من حديث أبي أمامة بسند ضعيف، والبيهقي من حديث جابر بسند جيد، وقال: (ربا) بدل (حرام)". قلت: فهو غير مسلم في الحديثين، أما الأول فلما سبق من شدة ضعفه، وأما الثاني فلقول الحافظ الدارقطني: إنه باطل من هذا الوجه. فمن أين له الجودة

বাংলা

৬৬৮। বিক্রেতা কর্তৃক মূল্য সম্পর্কে অনভিজ্ঞ ব্যক্তিকে ধোকা দেয়া সুদের অন্তর্ভুক্ত।

হাদীছটি বাতিল।

এটি বাইহাকী (৫/৩৪৯) ইয়াঈশ ইবনু হিশাম হতে তিনি মালেক হতে তিনি জাফর ইবনু মুহাম্মাদ হতে তিনি তার পিতা হতে তিনি জাবের (রাঃ) হতে বর্ণনা করেছেন।

হাদীছটিকে বাইহাকী নিতান্তই দুর্বল আখ্যা দিয়েছেন। তার সমস্যা হচ্ছে এই ইয়াঈশ। তাকে ইবনু আসাকির এবং দারাকুতনী দুর্বল আখ্যা দিয়েছেন। দারাকুতনী “গারায়েবে মালেক” গ্রন্থে বলেনঃ এ হাদীছটি এ সনদে বাতিল। মালেকের নীচের বর্ণনাকারীগণ দুর্বল। তিনি অন্য স্থানে বলেনঃ তারা মাজহুল। যেমনটি “আল-লিসান” গ্রন্থে এসেছে। হাফিয ইরাকী যে "তাখরীজুল ইহইয়া" (২/৭২-৭৩) গ্রন্থে বলেছেনঃ তাবারানী আবু উমামাহ (রাঃ) হতে দুর্বল সনদে এবং বাইহাকী জাবের (রাঃ) হতে ভাল সনদে বর্ণনা করেছেন তা গ্রহণযোগ্য নয়। কারণ প্রথম হাদীছটি সম্পর্কে (৬৬৭) জেনেছেন যে, সেটি নিতান্তই দুর্বল। আর দ্বিতীয়টি সম্পর্কে দারাকুতনী বলেছেন যে, এটি বাতিল।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71547>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন